

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/ঢাকা বিঃ/শৃংখলা-৫৭/২০১৬/

তারিখঃ / / ২০১৭ ইং

## কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ হাসানুজ্জামান কৌশিক, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলার পুমদী ইউনিয়নের জগদল কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে অপিত দায়িত্বে অধিহেলা, গাফলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে প্রায়ই কর্মস্থলে অনুপস্থিত থাকেন।

যেহেতু, আপনার কর্মস্থল কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলার পুমদী ইউনিয়নের জগদল কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে অপিত দায়িত্বে অবহেলা, গাফলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে প্রায়ই কর্মস্থলে অনুপস্থিত থাকেন। সিভিল সার্জন, কিশোরগঞ্জ পত্র মারফত অবগত করেন যে, গত ০৬/০৪/২০১৭ ইং, ১৬/০৪/২০১৭ ইং এবং ১৯/০৪/২০১৭ ইং তারিখ কমিউনিটি ক্লিনিক পরিদর্শনকালে আপনার জগদল কমিউনিটি ক্লিনিকটি তালাবদ্ধ অবস্থায় দেখতে পান। তৎপ্রেক্ষিতে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, হোসেনপুর, কিশোরগঞ্জ এর স্মারক নং- ৪১৪, তারিখঃ- ২০/০৪/২০১৭ ইং মোতাবেক আপনাকে কৈফিয়ত তলব করেন। কিন্তু আপনি যথাসময়ে পত্র গ্রহণ না করে গত ২৩/০৪/২০১৭ ইং তারিখ পত্র গ্রহণ করে ০৬/০৫/২০১৭ ইং তারিখ পর্যন্ত জবাব প্রদানে বিরত থাকেন এবং ০৬/০৫/২০১৭ ইং তারিখেও আপনি কর্মস্থলে অনুপস্থিত থাকেন। গত ০৬/০৫/২০১৭ ইং তারিখ অনুপস্থিতির জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, হোসেনপুর, কিশোরগঞ্জ এর স্মারক নং- ৪৫২, তারিখঃ- ০৬/০৫/২০১৭ ইং মোতাবেক আপনাকে কৈফিয়ত তলব করেন। এছাড়াও গত ২১/০৫/২০১৭ ইং এবং ২৩/০৫/২০১৭ ইং তারিখ পরিদর্শনকালে আপনাকে কমিউনিটি ক্লিনিকে অনুপস্থিত পান। যাহা উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, হোসেনপুর, কিশোরগঞ্জ এর স্মারক নং- ৪৯৫, তারিখঃ- ২৩/০৫/২০১৭ ইং মোতাবেক সিভিল সার্জন, কিশোরগঞ্জ-কে অবগত করেন। আপনি উর্দ্ধতন কর্তৃপক্ষের কোন বিষয়ে কর্ণপাত না করে নিজের ইচ্ছামত ক্লিনিকের কাজ চালিয়ে যাচ্ছেন। আপনার কার্যকলাপের জন্য অন্যান্য কমিউনিটি ক্লিনিকের সিএইচসিপিগণও কাজে নিরুৎসাহিত হচ্ছে। যাহা উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ অমান্য, কর্তব্য-কাজে চরম অবহেলা ও অসদাচারনের সামিল। আপনার এহেন অনুপস্থিতির কারণে কমিউনিটি ক্লিনিকে আগত রোগীদের স্বাস্থ্য সেবা প্রদানে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে এবং কমিউনিটি ক্লিনিকের দৈনন্দিন কার্যক্রমে ব্যাঘাত ঘটছে, যা সরকারী কর্মচারী আচরণ বিধি পরিপন্থি। অর্থাৎ কর্তৃপক্ষের আদেশ অমান্য করে বিনা অনুমতিতে প্রায়ই কর্মস্থলে অনুপস্থিত থাকেন ; এবং

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারী কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থি এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ মোতাবেক “অসদাচরণ” এবং “বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” হিসাবে গণ্য ;

সেহেতু, কেন আপনাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবেনা বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দণ্ড প্রদান করা হবেনা। এই নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষর

(ডাঃ মোঃ আবুল হাসেম খান)

লাইন ডাইরেক্টর

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর

ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/ঢাকা বিঃ/শৃংখলা-৫৭/২০১৬/ ৫২৬/১ (ন)

তারিখঃ ২০ / ৬ / ২০১৭ ইং

### অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
৪. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হোসেনপুর, কিশোরগঞ্জ (অভিযুক্ত কর্মচারীর নিকট কারণ দর্শানো নোটিশের কপি পৌছানো এবং এপ্রিল/২০১৭ ইং মাসের বেতন-ভাতা বন্ধ রাখার অনুরোধ সহ)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হোসেনপুর, কিশোরগঞ্জ।
৮. জনাব মোঃ হাসানুজ্জামান কৌশিক, সিএইচসিপি, জগদল কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন- পুমদী, উপজেলা- হোসেনপুর, জেলা- কিশোরগঞ্জ।
৯. অফিস কপি।

স্বাক্ষর

(ডাঃ মাসুদ রেজ্জা কবীর)

ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।